গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
সাধারণ শাখা
www.meherpur.gov.bd

# পবিত্র মাহে রমজানের পবিত্রতা রক্ষা এবং দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: আতাউল গনি<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ০২.০৫.২০১৯ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৩.৩০ টা |
| স্থান | জেলা প্রশাসক, মেহেরপুর এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, চাঁদ দেখা সাপেক্ষে আগামী ৬ মে ২০১৯ তারিখ হতে পবিত্র রমজান মাস শুরুর সম্ভাবনা রয়েছে। রমজানের পবিত্রতা রক্ষা এবং সর্বস্তরের জনসাধারণের জন্য দ্রব্য মূল্য ক্রয়ক্ষমতার মধ্যে রাখার লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়। সুষ্ঠু ও সুন্দর এবং ভাবগম্ভীর পরিবেশে আসন্ন মাহে রমজান প্রতিপালনের জন্য তিনি উপস্থিত সকল সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করেন। অতঃপর গত বছরের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। সরকারি নির্দেশনার আলোকে এবং বিস্তারিত আলোচনা ও উপস্থিত সুধীজনের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

০২। আবহাওয়া অধিদপ্তর এবং ইসলামিক ফাউন্ডেশনের তথ্য অনুযায়ী আগামী ৬ মে, ২০১৯ তারিখ পবিত্র রমজানের চাঁদ দেখা যাওয়ার সম্ভাবনা আছে। স্থানীয় পর্যায়ে চাঁদ দেখা গেলে ঐদিন সন্ধ্যা ৭.৩০ টার মধ্যে কেন্দ্রীয় কমিটিকে তা অবহিত করতে হবে। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মেহেরপুর বিষয়টি নিশ্চিত করবেন।

০৩। পবিত্র মাহে রমজানের চাঁদ দেখার সংবাদসহ পবিত্র রমজানের পবিত্রতা রক্ষা ও দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার বিষয়ে প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন জেলা তথ্য অফিসার, মেহেরপুর।

০৪। দিনের বেলা প্রকাশ্যে খাদ্য গ্রহণ থেকে বিরত থাকা এবং রোজার মর্যাদাহানিকর সকল প্রকার কার্যকলাপ বন্ধ করার জন্য সর্বসাধারণকে অনুরোধ জানানো হয়। হোটেল, রেঁস্তোরায় নতুন কালো পর্দা ব্যবহার এবং সর্বসাধারণের চলাচলের রাস্তায় বা উন্মুক্ত স্থানে যাতে যানজট সৃষ্টি না হয় কিংবা নোংরা পরিবেশে কোন খাবার বিক্রি করা না হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য হোটেল ও রেঁস্তোরা ব্যবসায়ী সমিতিকে অনুরোধ করা হয়। অফিসার ইনচার্জ, মেহেরপুর সদর থানা ও সাধারণ সম্পাদক, শিল্প ও বণিক সমিতি, মেহেরপুরকে বিষয়টি তদারকির জন্য অনুরোধ করা হয়।

০৫। মাহে রমজানের তাৎপর্য সম্পর্কে আলোচনা করার জন্য সকল মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও সভাপতি, ইমাম সমিতি, মেহেরপুর বিষয়টি নিশ্চিত করবেন এবং জেলার সকল ইমাম বরাবর পত্র প্রেরণ করবেন।

০৬। মুসল্লীদের মধ্যে মাজহাব নিয়ে যাতে কোন রকম ভুল বোঝাবুঝির সৃষ্টি না হয় সে বিষয়ে দৃষ্টি রাখার জন্য আলেম ওলামাগণকে অনুরোধ করা হয়।

০৭। ইফতার, তারাবি, সেহরির সময়সহ সার্বক্ষণিক ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লিঃ, মেহেরপুর ও জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর। মসজিদের আযান শুরু থেকে শেষ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট ফিডারের বিদ্যুৎ যাতে বিচ্ছিন্ন না হয় সে ব্যাপারে দৃষ্টি রাখাবেন নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লিঃ, মেহেরপুর ও

জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর।

০৮। সেহরির সময় সাইরেন বাজানোর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। রাত ৩.০০ টার সময় মুসল্লীদের জাগরণের জন্য প্রথম সাইরেন ও সেহরির শেষ সময়ে শেষ সাইরেন দেওয়া হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তগৃহীত হয়। জেলা প্রশাসকের কার্যালয়ে ট্রেজারি শাখা, মেহেরপুর সদর থানা ও মেহেরপুর পৌরসভা হতে এ সাইরেন বাজানো হবে।

০৯। যে সকল মসজিদে খতম তারাবি পড়া হবে, সেসব মসজিদে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে অথবা প্রথম ছয় দিন দেড় পারা করে এবং পরবর্তী দিনগুলোতে এক পারা করে পড়ানোর জন্য ইমামদের অনুরোধ জানানো হয়। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বিষয়টি সমন্বয় করবেন।

১০। শেষ রাতে রোজাদারগণকে সেহরি খাওয়ার জন্য মাইকে আহবান জানানোর বিষয়ে শুধুমাত্র সেহরির সময় শেষ হবার আধাঘন্টা পূর্ব থেকে সংশ্লিষ্ট মসজিদ হতে মাইক বাজানো হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১১। নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির বাজারদর স্থিতিশীল রাখা, সঠিক মাপে সরবরাহ করা এবং ভেজাল দ্রব্য সরবরাহ বন্ধের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেম্বার অব কমার্স, বড়বাজার ব্যবসায়ী সমিতি, বড়বাজার ফড়িয়া সমিতি, হোটেল বাজার ব্যবসায়ী সমিতি, গাংনী ব্যবসায়ী সমিতি এবং মুজিবনগর ব্যবসায়ী সমিতিকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব উপজেলায় এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।

১২। স্বাস্থ্যসম্মতভাবে ইফতারি তৈরি, পুরাতন বেসন, কৃত্রিম রং ব্যবহার করা থেকে বিরত থাকা এবং পরিষ্কার পরিচ্ছন্নভাবে ইফতারের খাদ্য সামগ্রী বিক্রি করার জন্য ব্যবসায়ীদের অনুরোধ জানানো হয়। এ লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত নেয়া হয়। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোবাইল কোর্ট পরিচালনায় ম্যাজিস্ট্রেট নিয়োগ করবেন। জেলা তথ্য অফিসার, মেহেরপুর ইফতারি সামগ্রীতে যাতে কৃত্রিম রং ব্যবহার করা না হয় তার জন্য মাইকে প্রচার করবেন। মোবাইল কোর্ট পরিচালনার সময় এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে সহযোগিতা করার জন্য পৌরসভা এলাকায় স্যানিটারি ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভা ও পৌরসভার বাহিরে সিভিল সার্জন, মেহেরপুর এর প্রতিনিধি সহায়তা করবেন।

১৩। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী ও মুজিবনগর নিজ নিজ উপজেলায় এরূপ সভা আহবান করে রমজানের পবিত্রতা রক্ষা ও দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। বাজারে মাছ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে আলোচনা করা হয়। পবিত্র মাহে রমজানে যাতে বাজারে মাছের কোনরূপ সংকট দেখা না দেয় সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন জেলা মৎস্য কর্মকর্তা ও সভাপতি, জেলা মৎস্যজীবী সমিতি, মেহেরপুর।

১৫। বাজারে গরু, মহিষ, খাসি, ছাগীর মাংস ও সোনালী মুরগির দাম সর্বসম্মতিক্রমে নির্ধারণ করা হয়। গরু ও মহিষের মাংস-৪৮০/-টাকা, খাসির মাংস-৬৫০/- টাকা, ছাগীর মাংস ৫০০/-টাকা এবং সোনালী মুরগি প্রতি কেজি ২৩০/- টাকা হিসেবে নির্ধারণ করা হলো। মাংস ব্যবসায়ীরা মাংসের মূল্য তালিকা প্রকাশ্যে টাঙ্গানোর বিষয়টি নিশ্চিত করবেন। নির্ধারিত মূল্যের তথ্য বহুল প্রচারের ব্যবস্থা নিবেন জেলা তথ্য অফিসার, মেহেরপুর।

১৬। খোলা বাজারে মাংস বিক্রি করা যাবে না এবং বাজারে পশু জবেহসহ মাংস বিক্রির স্থান পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট ব্যবসায়ীগণকে অনুরোধ করা হয়। মেয়র, মেহেরপুর পৌরসভা/গাংনী পৌরসভা ও জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, মেহেরপুর বিষয়টি নিশ্চিত করবেন।

১৭। পাইকারী ও খুচরামূল্য তালিকা এবং পরিবর্তনশীল মূল্যের ক্ষেত্রে হালনাগাদ করে প্রতিদিন জনসম্মুখে তালিকা টাঙ্গানো হবে এবং পণ্যের ক্রয়মূল্য সম্পর্কিত তালিকা দোকানে রাখতে হবে। প্রদর্শনের দরকার হলে তা দেখাতে হবে। বাজারের মূল্য তালিকা

শহরের প্রধান প্রধান সড়ক মোড় ও গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর জন্য সভাপতি, তহবাজার ব্যবসায়ী সমিতি, মেহেরপুর এ বিষয়ে সভা আহবান করবেন।

১৮। সভায় টিসিবি ডিলারগণকে নিত্যপ্রয়োজনীয় মালামালের মূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে তাদের অনুকূলে বরাদ্দকৃত মালামাল যথাসময়ে উত্তোলন করে নির্ধারিত স্থানে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসারগণ বিষয়টি তদারকি করবেন। সভায় আলোচনা হয় যে, এ জেলায় নিয়োগকৃত টিসিবি ডিলারগণ পবিত্র রমজান মাস ও ঈদ-উল-ফিতর উপলক্ষে টিসিবি কর্তৃক বরাদ্দকৃত মালামাল উত্তোলনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৯। পবিত্র মাহে রমজানের পবিত্রতা রক্ষা তথা দিনের বেলা প্রকাশ্যে ধূমপান বা পানাহার থেকে বিরত থাকা, সিনেমা হল/ভিডিও দোকানগুলোতে আপত্তিকর ছবি প্রদর্শন বন্ধ করা, বাজারদর/নিত্য প্রয়োজনীয় দ্রব্য সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখা, খোলা বা নোংরা পরিবেশে খাদ্যদ্রব্য বিক্রি বন্ধ করা এবং সঠিক পরিমাপে দ্রব্যাদি সরবরাহ করা প্রভৃতি বিষয়ে তত্ত্বাবধান ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয়। কমিটি সময়ে সময়ে বিভিন্ন বাজার পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মেহেরপুর | আহবায়ক |
| ০২. | নেজারত ডেপুটি কালেক্টর, মেহেরপুর | সদস্য |
| ০৩. | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মেহেরপুর | সদস্য |
| ০৪. | জেলা তথ্য অফিসার, মেহেরপুর | সদস্য |
| ০৫. | সহকারি পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর | সদস্য |
| ০৬. | অফিসার ইন চার্জ, মেহেরপুর সদর থানা | সদস্য |
| ০৭. | জেলা বাজার অনুসন্ধানকারী কর্মকর্তা, মেহেরপুর | সদস্য |
| ০৮. | মেয়র, মেহেরপুর পৌরসভা এর প্রতিনিধি | সদস্য |
| ০৯. | সিভিল সার্জন, মেহেরপুর এর প্রতিনিধি | সদস্য |
| ১০. | স্যানিটারি ইন্সপেক্টর,মেহেরপুর পৌরসভা | সদস্য |
| ১১. | সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, মেহেরপুর | সদস্য |
| ১২. | সাধারণ সম্পাদক, চেম্বার অব কমার্স, মেহেরপুর | সদস্য |
| ১৩. | হাজী মোঃ আসকার আলী, সহ-সভাপতি, চেম্বার অব কমার্স, মেহেরপুর | সদস্য |
| ১৪. | জনাব মোঃ মুসলিম উদ্দিন, ইমাম, থানা মসজিদ, মেহেরপুর | সদস্য |
| ১৫. | সভাপতি, মৎস্য ব্যবসায়ী সমিতি, মেহেরপুর | সদস্য |
| ১৬. | সভাপতি/সম্পাদক, তহবাজার ব্যবসায়ী সমিতি, মেহেরপুর | সদস্য |
| ১৭. | সভাপতি/সম্পাদক, বড় বাজার ব্যবসায়ী সমিতি, মেহেরপুর | সদস্য |
| ১৮. | সভাপতি/সম্পাদক, হোটেল বাজার ব্যবসায়ী সমিতি, মেহেরপুর | সদস্য |
| ১৯. | সভাপতি/ সম্পাদক, হোটেল রেঁস্তোরা ব্যবসায়ী সমিতি, মেহেরপুর। | সদস্য |
| ২০. | সভাপতি/সম্পাদক, কনজুমার এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, মেহেরপুর | সদস্য |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আতাউল গনি
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৬.২৩.০৩২.১৭.২৭০

তারিখ: ১৯ বৈশাখ ১৪২৬
০২ মে ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) বিভাগীয় কমিশনার, খুলনা।

৬) ......................................................................, ......................................................................(সংশ্লিষ্ট সকল)

৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর। (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)



মো: আতাউল গনি
জেলা প্রশাসক